# উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব স্নিগ্ধা দাস
উপজেলা নির্বাহী অফিসার
আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
তারিখ ঃ ২৭/১১/২০২৩ খ্রিষ্টাব্দ,
সময় ঃ বেলাঃ ৪:০০ ঘটিকা।

**উপস্থিতি ঃ পরিশিষ্ট-ক এ দেখানো হলো ।**

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি এবং উপজেলা কৃষি অফিসার আলমডাঙ্গা সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে কৃষি মন্ত্রণালয় উপকরন-২ শাখার জিও নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০১৫.২১.৩১৫ তারিখ ১২/১১/২০২৩ খ্রিঃ মোতবেক রবি/২৩-২৪ মৌসুমে বোরো (উফশী জাত) ধানের আবাদ বৃদ্ধির জন্য কৃষি প্রণোদনা কর্মসূচীর সরকারী আদেশ জারী করা হয়েছে। পত্রানুযায়ী কর্মসূচীর প্রকৃত সুফল পাওয়ার জন্য দ্রুত কার্যক্রম বাস্তবায়ন করার নির্দেশনা রয়েছে।
২০২৩-২০২৪ অর্থ বছরে রবি/২০২৩-২৪ মৌসুমে প্রণোদনা কর্মসূচীর আওতায় বোরো ধানের (উফশী জাত) বীজ বিতরণ কর্মসুচীর আওতায় **০১ জন কৃষককে ০১ বিঘার জন্য ০৫ কেজি বীজ, ১০ ডিএপি এবং ১০ এমওপি সহায়তা পাবেন**। সভায় উপস্থিত সকল সদস্য বর্ণিত বিষয়ে আলোচনায় অংশগ্রহণ করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রঃনং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **কর্মসূচী বাস্তবায়ন ও ইউনিয়ন ভিত্তিক বিভাজন ঃ**<br>কৃষি মন্ত্রণালয় উপকরণ-২ শাখার জিও অনুযায়ী এর বাস্তবায়ন পদ্ধতি ও নীতিমালার আলোকে ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' ২০০৬ ও PPR'২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।<br>আলমডাঙ্গা উপজেলার ৪০৭০ বিঘা জমিতে বোরো ধানের উফশী জাতের বীজ ও সার বিতরণ প্রণোদনা কর্মসূচী গ্রহন করা হয়েছে। ইউনিয়ন ভিত্তিক জনসংখ্যা বিবেচনা ও আবাদি জমির লক্ষ্যমাত্রা অনুযায়ী ইউনিয়নওয়ারী সহায়তা প্রাপ্য কৃষকের সংখ্যা বিভাজন-ক এ দেখানো হলো। | জেলা হতে প্রাপ্ত বরাদ্দ নীতিমালা অনুযায়ী আবাদী এলাকা, জমির উপযোগীতা ও জনসংখ্যা এর উপর ভিত্তি করে সকল সদস্যবৃন্দের সম্মতিক্রমে ইউনিয়ন ভিত্তিক বিভাজন করা হয়। বিভাজনপত্র "ক" এ দেখানো হলো। | উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এবং উপ সহকারী কৃষি কর্মকর্তা। |
| ০২ | **কৃষক নির্বাচন ও তালিকা অনুমোদনঃ**<br>• বোরো ধানের উফশী জাতের বীজ বিতরণ কৃষি প্রণোদনা কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা কৃষক নির্বাচন এবং অগ্রাধিকার তালিকা প্রস্তুত করবেন। উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি অগ্রাধিকার তালিকা অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে নীতিমালা অনুযায়ী বাস্তবায়ন করবেন।<br>• রবি/২০২৩-২৪ মৌসুমে কর্মসূচীর অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতি কৃষক এক বিঘার জন্য ০৫ কেজি বীজ, ১০ ডিএপি এবং ১০ এমওপি পাবেন। একজন চাষী পরিবারকে একটির বেশি প্রণোদনা সহায়তা প্রদান করা যাবে না। কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত অনুমোদনের পর বাস্তবায়ন পদ্ধতিতে প্রদত্ত **"কৃষক তথ্য ছক"** পূরণ করে উপজেলা কৃষি অফিসারের স্বাক্ষরের পর উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বেই উপপরিচালক বরাবর প্রেরণ করতে হবে। | কর্মসূচী যথাযথ বাস্তবায়নের স্বার্থে ইউনিয়ন কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সহযোগীতায় সংশ্লিষ্ট ইউনিয়নের উপ সহকারী কৃষি কর্মকর্তা কৃষক নির্বাচন করবেন। ইউনিয়নে প্রস্তুতকৃত কৃষক তালিকা উপজেলা কমিটির অনুমোদনের জন্য আগামী ০৫/১২/২০২৩ তারিখের মধ্যে জমাদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এবং উপ সহকারী কৃষি কর্মকর্তা। |
| ০৩ | **উপকরন সংগ্রহ ঃ** সকল প্রকার ব্যয় ও সমন্বয় আর্থিক বিধি বিধান অনুসরণ করে বাস্তবায়ন করতে হবে। কর্মসূচীর ৯০% বীজ বিএডিসির উপজেলাস্থ/নিকটবর্তী গুদাম থেকে এবং ১০% বীজ ধান, গম ও পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্পের বিধি মোতাবেক ক্রয় করতে হবে। যদি প্রয়োজনীয় বীজ বিএডিসি হতে না পাওয়া যায় সেক্ষেত্রে বিএডিসি'র না দাবী প্রত্যয়ন গ্রহণ সাপেক্ষে বাইরে থেকে বীজ সংগ্রহ করা যাবে। সেক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের পরামর্শক্রমে প্রচলিত আর্থিক বিধি মোতাবেক প্রতিষ্ঠিত বেসরকারি প্রতিষ্ঠান/আমদানীকারক/ব্যবসায়ীর নিকট হতে ক্রয় করতে হবে। কোন অবস্থাতেই কর্মসূচীর বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত টাকা ব্যয় করা যাবে না।<br>প্রণোদনা কার্যক্রম কর্মসূচীর আওতায় বিতরণযোগ্য বীজের অঙ্কুরোদগম ক্ষমতা বিশুদ্ধতা এবং উৎপাদন ক্ষমতা অবশ্যই সংশ্লিষ্ট জাতের কাংখিত মানের হতে হবে, কোন অবস্থাতেই বীজ কাংখিত মানের না হলে সেজন্য সংশ্লিষ্ট কর্মকর্তা / কর্তৃপক্ষ দায়ী থাকবেন। মান সম্পন্ন বীজ/চারা সম্পর্কে কৃষককে নিয়মিত পরামর্শ প্রদানসহ উপসহকারী কৃষি কর্মকর্তা থেকে উর্ধ্বতন পর্যায়ের কর্মকর্তাগণ নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবেন। | নীতিমালা অনুযায়ী উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতিক্রমে বীজ সংগ্রহ করে উপজেলা সদর হতে বিতরণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি। |
| ০৪ | **উপকরণ বিতরণ পদ্ধতি ঃ** কর্মসূচির সকল উপকরণ উপজেলা সদর দপ্তর হতে বিতরণ করতে হবে। সকল উপকরণ কৃষক নিজে গ্রহন করবেন। কোন অবস্থাতেই কৃষক ছাড়া অন্য কাউকে উপকরণ প্রদান করা যাবে না বা একজনের উপকরণ অন্য কাউকে প্রদান করা যাবে না।<br>সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা এ কর্মসূচীর জন্য মনোনীত প্রত্যেক কৃষকের ষ্ট্যাম্প সাইজের ছবিযুক্ত কৃষি কার্ডের ভর্তুকী অংশে যথাযথ উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে | নীতিমালা অনুযায়ী উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতিক্রমে বীজ সংগ্রহ করে উপজেলা সদর দপ্তর হতে বিতরণ করা হবে। উপ সহকারী কৃষি কর্মকর্তা এ কর্মসূচীর জন্য মনোনীত প্রত্যেক কৃষকের ষ্ট্যাম্প সাইজের ছবিযুক্ত কৃষি | উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এবং উপ সহকারী কৃষি কর্মকর্তা। |

| ক্রঃনং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | যথারীতি মাস্টাররোল সংরক্ষণ পূর্বক উপকরণ বিতরণ করা হবে। মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহনকারী কৃষকের ষ্ট্যাম্প সাইজের ছবি ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। কোন কৃষকের উপকরণ কার্ড নাই সেক্ষেত্রে মাস্টাররোলে কৃষকের নাম, ঠিকানা, মোবাইল নং, জাতীয় পরিচয় নং (যদি থাকে), ষ্ট্যাম্প সাইজের ছবি সংযুক্তকরণপূর্বক মাস্টাররোলে সংযুক্ত করতে হবে। মাস্টার রোলে উপকরন গ্রহনকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপসহকারী কৃষি কর্মকর্তা এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি কর্মকর্তা যাচাইপূর্বক এতে প্রতিস্বাক্ষর করবেন। | কার্ডের ভর্তুকী অংশে যথাযথ উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণ পূর্বক উপকরণ বিতরণসহ যাবতীয় কাজে উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটিকে সহযোগীতা করবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় রবি/২০২৩-২৪ বোরো ধানের (উফশী) বীজ ও সার সহায়তা কর্মসূচীর ইউনিয়নওয়ারী বিভাজন (ক)ঃ

| ক্রম | ইউনিয়ন | সংখ্যা (টি/জন) | ক্রম | ইউনিয়ন | সংখ্যা (টি/জন) |
|---|---|---|---|---|---|
| ০১ | ভাংবাড়িয়া | ২৬০ | ০৯ | ডাউকি | ২৬০ |
| ০২ | হারদী | ২৬০ | ১০ | জামজামি | ২৬০ |
| ০৩ | কুমারী | ২৬০ | ১১ | নাগদাহ | ২৬০ |
| ০৪ | বাড়াদি | ২৬০ | ১২ | খাসকররা | ২৬০ |
| ০৫ | গাংনী | ২৬০ | ১৩ | কালিদাসপুর | ২৬০ |
| ০৬ | খাদিমপুর | ২৬০ | ১৪ | চিৎলা | ২৬০ |
| ০৭ | জেহালা | ২৬০ | ১৫ | আইলহাস | ২৬০ |
| ০৮ | বেলগাছি | ২৬০ | ১৬ | পৌরসভা | ১৭০ |
| | মোটঃ | ২০৮০ | | মোটঃ | ১৯৯০ |
| | **সর্বমোট ঃ-(২০৮০+১৯৯০)=৪০৭০জন।** | | | | |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/১১/২৩

(স্নিগ্ধা দাস)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

---

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা কৃষি অফিসারের কার্যালয়**
**আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।**
**ইমেলঃ uao.alamdanga@gmail.com**

**কৃষিই সমৃদ্ধি**

স্মারক নং ঃ ১২.১৬.৪৪১৭.০৪১.৪৪.০০৩.২৩/ ৭৪৯ (৬৯) তারিখ ঃ ২৭/১১/২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরন করা হল (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নহে)ঃ
০১। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা।
০২। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
০৩-০৭। ................................................, আলমডাঙ্গা, সদস্য উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি।
০৮। মেয়র, পৌরসভা আলমডাঙ্গা, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
০৯-২৩। চেয়ারম্যান (সকল ইউনিয়ন), সভাপতি ইউনিয়ন কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি।
২৪-৬৯। উপ সহকারী কৃষি অফিসার (সকল), অত্র দপ্তর।

২৭.১১.২৩

**(রেহানা পারভীন)**
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।